

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

জাতীয় মহিলা সংস্থা

তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়)

১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা

www.totthoapa.gov.bd


স্মারক নং ৩২.০২.০০০০.২০৫.১০৮.১৯-১২৮

তারিখঃ ০৭ ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ
২২ আগস্ট ২০১৯ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ তথ্যসেবা কর্মকর্তা, তথ্যসেবা সহকারী এবং অফিস সহায়কের অফিসে নিয়মিত কর্মস্থলে উপস্থিতি প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়স্বতন্ত্র জাতীয় মহিলা সংস্থা কর্তৃক বাস্তবায়নধীন “তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়)”-এর আওতায় ৪৯০টি উপজেলায় তথ্যকেন্দ্র প্রতিষ্ঠা করা হয়েছে। উক্ত তথ্যকেন্দ্র সমূহ থেকে গ্রামীণ সুবিধা বঞ্চিত মহিলাদের তথ্য প্রযুক্তির সেবা প্রদানের লক্ষ্যে প্রতিটি তথ্যকেন্দ্রে ০১ জন তথ্যসেবা কর্মকর্তা, ০২জন তথ্যসেবা সহকারী এবং ০১জন অফিস সহায়ক নিয়োগ করা হয়েছে। উল্লেখ্য যে, বিভিন্ন সূত্র থেকে জানা যাচ্ছে যে, নিয়োগকৃত কর্মকর্তা ও কর্মচারীগণ যথা সময়ে অফিসে উপস্থিত হননা এবং অফিস সময়ের পূর্বেই (বিকাল ০৫.০০টা) কর্মস্থল ত্যাগ করেন। যে সকল তথ্যকেন্দ্রে ল্যান্ড ফোন সংযোগ রয়েছে সেসকল তথ্যকেন্দ্রে ল্যান্ড ফোনে ফোন করে কর্মকর্তা/কর্মচারীদের পাওয়া যায়না। কোন কর্মকর্তা-কর্মচারী যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ব্যতিত কর্মস্থলে অনুপস্থিত থাকলে তাঁদের বিষয়ে বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে। কোন অফিস সহায়ক কর্মস্থলে অনুপস্থিত থাকলে তথ্যসেবা কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত তথ্যসেবা কর্মকর্তা লিখিত ভাবে প্রধান কার্যালয়কে অবহিত করবেন।

এমতাবস্থায়, তথ্যকেন্দ্র সমূহে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীকে সকাল ৯.০০ টা থেকে বিকাল ৫.০০ টা পর্যন্ত নিয়মিত কর্মস্থলে উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করা হল। উল্লেখ্য যে, মন্ত্রণালয় এবং বিভিন্ন পর্যায় থেকে দাপ্তরিক কাজ পরিদর্শনের নিমিত্ত উর্দ্ধতন কর্তৃপক্ষ বিভিন্ন তথ্যকেন্দ্র পরিদর্শনে যাবেন। পরিদর্শন মন্তব্যের জন্য প্রতিটি তথ্যকেন্দ্রে ০১(এক)টি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করার পরামর্শ প্রদান করা হল।


(মীনা পারভীন)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ৮৩৩২১৩৬

ই-মেইল: pd@totthoapa.gov.bd

তথ্যসেবা কর্মকর্তা / দায়িত্বপ্রাপ্ত তথ্যসেবা কর্মকর্তা (সকল)

তথ্য আপা: প্রকল্প (২য় পর্যায়)

উপজেলা, জেলা

অনুলিপি (জ্ঞাতার্থে):

০১। উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট উপজেলা)।

০২। চেয়ারম্যান, উপজেলা কমিটি, জাতীয় মহিলা সংস্থা (সংশ্লিষ্ট উপজেলা)।

০৩। তথ্যসেবা সহকারী (সকল), তথ্য আপা: প্রকল্প (২য় পর্যায়)।

০৪। অফিস কপি।